



অবৈধ বাংলাদেশীদের ফেরত পাঠাতে নাগরিকত্ব যাচাই দ্রুত চায় ভারত



রণধীর জয়সওয়াল | ছবি: সংগৃহীত

ভারতে অবস্থানরত অবৈধ বাংলাদেশি নাগরিকদের ফেরত পাঠানোর প্রক্রিয়া দ্রুত করতে বাংলাদেশকে নাগরিকত্ব যাচাই কার্যক্রম ত্বরান্বিত করার আহ্বান জানিয়েছে নয়াদিল্লি। বৃহস্পতিবার নিয়মিত ব্রিফিংয়ে এ কথা বলেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। তিনি বলেন, অবৈধ অভিবাসীদের প্রত্যাবাসন দুই দেশের দীর্ঘদিনের প্রক্রিয়ার অংশ। তবে বর্তমানে প্রায় ২ হাজার ৮৬০টির বেশি জাতীয়তা যাচাই আবেদন ঝুলে আছে, যার মধ্যে অনেকগুলো পাঁচ বছরেরও বেশি সময় ধরে নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে। সম্প্রতি ‘পুশব্যাক’ ইস্যুতে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের মন্তব্যের পরই ভারতের এ বক্তব্য আসে। পশ্চিমবঙ্গ নির্বাচনের পর সীমান্তে এমন কোনো পরিস্থিতি তৈরি হলে বাংলাদেশও জবাব দেবে বলে সতর্ক করেছিলেন তিনি। এদিকে বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, সীমান্তে যেন কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি না ঘটে সে জন্য বিজিবিকে সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে তিনি আশা প্রকাশ করেন, সীমান্তে নতুন করে ‘পুশব্যাক’ পরিস্থিতি তৈরি হবে না।